দৈনিক

তারিখ: 22 OCT 2017 পৃষ্ঠা: ২ কলাম: ৭

# ইংরেজি মাধ্যমের স্কুল নিবন্ধন বাধ্যতামূলক

এম এইচ রবিন ●

বিদেশি কারিকুলামে পরিচালিত ইংরেজি মাধ্যম স্কুল নিবন্ধন বাধ্যতামূলক করছে সরকার। একই বিধিমালায় স্কুলের বেতন ও ফি নির্ধারণে আনা হচ্ছে নিয়ন্ত্রণ।

জানা গেছে, ইংরেজি মাধ্যম স্কুলগুলো ১৯৬২ সালের বেসরকারি বিদ্যালয় নিবন্ধন অধ্যাদেশের মাধ্যমে পরিচালনার কথা থাকলেও তা মানছেন না প্রতিষ্ঠানের মালিকরা। সম্প্রতি উচ্চ আদালতের নির্দেশে পুনঃভর্তির নামে ফি আদায় বন্ধ হলেও রাজধানীর কিছু ইংরেজি মাধ্যমের স্কুল নানা কৌশলে টিউশন ফি বাড়িয়ে ওই টাকা আদায় করছে। এর আগে ২০০৭ সালেও একটি বিধিমালা করা হয়েছিল; কিন্তু তা বাস্তবায়ন হয়নি।

এ বিষয়ে এরপর পৃষ্ঠা ৬, কলাম ৪

## ইংরেজি মাধ্যমের স্কুল

(প্রথম পৃষ্ঠার পর) ঢাকা শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক এটিএম মঈনুল হোসেন জানান, আমরা নিবন্ধন বিধিমালা বাস্তবায়নে কাজ শুরু করেছি। এখন সবাইকে নিবন্ধন করতেই হবে। যারা ২০০৭ সালের বিধিমালা অনুসারে নিবন্ধন করেনি, তাদের নতুন বিধিমালা অনুসারে নিবন্ধিত হতে হবে।নতুন বিধিমালায় ইংরেজি মাধ্যম স্কুলের ওপর সরকারি তদারকি বাড়ানো হয়েছে জানিয়ে বিদ্যালয় পরিদর্শক বলেন, আমরা সব স্কুল নিয়মিত মনিটরিং করব। কীভাবে প্রতিষ্ঠান চলছে, কারা চালাচ্ছেন, তাদের নিয়মিত প্রতিবেদন সরকারের কাছে দিতে হবে।

শিক্ষা বোর্ডের তথ্য অনুযায়ী, বর্তমানে ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে সাময়িক নিবন্ধনপ্রাপ্ত ইংলিশ মিডিয়াম স্কুল একশরও কম। ২০১১ সালের শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (বেনবেইস) এক প্রতিবেদনে বলা হয়, সারা দেশে তিন ক্যাটাগরিতে ১৫৯টি ইংলিশ মিডিয়াম স্কুল শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। এর মধ্যে 'ও' লেভেল ৬৪টি, 'এ' লেভেল ৫৪টি এবং জুনিয়র লেভেলের আন্তর্জাতিক মানের ইংলিশ মিডিয়াম স্কুল আছে ৪১টি।

শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, যেসব ইংলিশ মিডিয়াম স্কুল এখনো নিবন্ধিত হয়নি, তাদের নতুন বিধিমালা অনুসারে অবশ্যই নিবন্ধন করতে হবে। নানা জটিলতায় প্রায় ৪ বছর ধরে আটকে ছিল ইংলিশ মিডিয়াম স্কুলের বিধিমালা প্রণয়ণের কাজ। নীতিমালা না থাকায় বছরের পর বছর ধরে ফ্রিস্টাইলে চলছে স্কুলগুলো।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক ড. এসএম ওয়াহিদুজ্জামান বলেন, আমরা ইতোমধ্যে বিধিমালা কার্যকরের কাজ শুরু করেছি। সারা দেশে এ ধরনের স্কুলের তথ্য আমরা সংগ্রহ করছি। এখন থেকে সব ইংরেজি মাধ্যম স্কুল সরকারি নিবন্ধনের আওতায় আসা বাধ্যতামূলক।

তিনি আরও বলেন, এখন চাইলেই কেউ ইচ্ছেমতো বেতন ও ফি বাড়াতে পারবে না। বাড়াতে হলে শিক্ষা অফিসারের মাধ্যমে আবেদন করে এডিসির (শিক্ষা) অনুমোদন নিতে হবে। তারা অনুমোদন করলেই কেবল বেতন ও ফি বাড়ানো যাবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়